DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 15 Aug 2026, 09:59 PM

সারাদেশ

# সরাইলে ৬০ কেজি গাঁজাসহ দুই মাদক কারবারি গ্রেপ্তার

প্রতিবেদক: ব্রাহ্মণবাড়িয়া প্রতিনিধি
প্রকাশের তারিখ: মঙ্গলবার, ২৮ জুলাই ২০২৬, ০৮:৪২ PM



ছবি: সংগৃহীত

ব্রাহ্মণবাড়িয়ার সরাইল উপজেলায় অভিযান চালিয়ে ৬০ কেজি গাঁজাসহ দুই মাদক কারবারিকে গ্রেপ্তার করেছে র‍্যাব-৯। এ সময় মাদক পরিবহনে ব্যবহৃত একটি প্রাইভেটকার জব্দ করা হয়। তবে তাঁদের এক সহযোগী পালিয়ে যেতে সক্ষম হয়েছেন।

মঙ্গলবার (২৮ জুলাই) ভোরে র‍্যাব-৯-এর সিপিসি-১, ব্রাহ্মণবাড়িয়ার একটি আভিযানিক দল উপজেলার কুট্টা মোড়সংলগ্ন সিলেট-ঢাকা মহাসড়কে এ অভিযান পরিচালনা করে।

র‍্যাব জানায়, গোপন সংবাদের ভিত্তিতে তারা জানতে পারে, হবিগঞ্জের মাধবপুর থেকে একটি প্রাইভেটকারে করে বিপুল পরিমাণ গাঁজা ঢাকার দিকে নেওয়া হচ্ছে। এ তথ্যের ভিত্তিতে কুট্টা মোড় এলাকায় চেকপোস্ট বসানো হয়।

চেকপোস্টে একটি রুপালি রঙের প্রাইভেটকারকে থামার সংকেত দেওয়া হলে চালক তা অমান্য করে দ্রুত নাসিরনগর সড়কের দিকে পালিয়ে যাওয়ার চেষ্টা করেন। পরে র‍্যাব সদস্যরা ধাওয়া করে সরাইল উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের সামনে গাড়িটি থামাতে সক্ষম হন।

এ সময় গাড়ি থেকে নেমে তিন ব্যক্তি পালানোর চেষ্টা করলে দুজনকে আটক করা হয়। অপর একজন কৌশলে পালিয়ে যান।

পরে আটক ব্যক্তিদের দেওয়া তথ্যের ভিত্তিতে প্রাইভেটকারের পেছনের অংশে তল্লাশি চালিয়ে নীল পলিথিনে স্কচ টেপে মোড়ানো ৬০ কেজি গাঁজা উদ্ধার করা হয়। একই সঙ্গে মাদক পরিবহনে ব্যবহৃত প্রাইভেটকারটিও জব্দ করা হয়।

গ্রেপ্তার ব্যক্তিরা হলেন চাঁপাইনবাবগঞ্জ জেলার শিবগঞ্জ উপজেলার নামাটোলা এলাকার বজলুর রহমানের ছেলে আরিফ (৩৫) এবং মনোহরপুর এলাকার আকালুর ছেলে বারিকুল ইসলাম (২৭)।

র‍্যাবের প্রাথমিক জিজ্ঞাসাবাদে তাঁরা জানিয়েছেন, পলাতক সহযোগীকে সঙ্গে নিয়ে ব্রাহ্মণবাড়িয়ার সীমান্তবর্তী এলাকা থেকে গাঁজা সংগ্রহ করে দেশের বিভিন্ন স্থানে বিক্রির উদ্দেশ্যে বহন করছিলেন।

এ ঘটনায় পলাতক আসামিসহ গ্রেপ্তার ব্যক্তিদের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮-এর সংশ্লিষ্ট ধারায় মামলা করা হয়েছে। পরে তাঁদের এবং জব্দ করা আলামত সরাইল থানায় হস্তান্তর করা হয়েছে।

র‍্যাব-৯ জানিয়েছে, মাদকের বিরুদ্ধে সরকারের জিরো টলারেন্স নীতি বাস্তবায়নে তাদের গোয়েন্দা তৎপরতা ও মাদকবিরোধী অভিযান অব্যাহত থাকবে।

---

## এ বিভাগের আরও খবর



**চাঁদার ৫০ হাজার টাকা না দেওয়ায় ব্যবসায়ীকে হাতুড়িপেটার অভিযোগ**
নওগাঁর মান্দায় ৫০ হাজার টাকা চাঁদা না দেওয়ায় এক ব্যবসায়ীকে হাতুড়ি ও লোহার রড দিয়ে মারধরের অভিযোগ উঠেছে। বৃহস্পতিবার (১৩ আগস্ট) বেলা ১১টার দি...




### মসজিদের ভেতরে মুসল্লিকে হাঁসুয়া দিয়ে কুপিয়ে জখম

নওগাঁর মান্দায় মসজিদের ভেতরে ঢুকে মামুনুর রশিদ মামুন (৩৮) নামের এক মুসল্লিকে হাঁসুয়া দিয়ে কুপিয়ে জখম করার অভিযোগ উঠেছে। শনিবার (১৫ আগস্ট) ভো...




### শোক দিবসে খিচুড়ি রান্নার সময় ইউপি চেয়ারম্যানসহ ২ জন গ্রেপ্তার

কুষ্টিয়ার ভেড়ামারায় শোক দিবস উপলক্ষে খিচুড়ি রান্নার সময় ইউনিয়ন পরিষদের (ইউপি) চেয়ারম্যানসহ দুই ভাইকে গ্রেপ্তার করেছেন পুলিশ। শনিবার (১৫...



### ক্যাশলেস সোসাইটি বিনির্মাণে ব্রাহ্মণবাড়িয়ায় রূপালী ব্যাংকের রোড শো

ক্যাশলেস সোসাইটি বিনির্মাণে জনসচেতনতা তৈরির লক্ষ্যে ব্রাহ্মণবাড়িয়ায় রূপালী ব্যাংকের উদ্যোগে সচেতনতামূলক রোড শো অনুষ্ঠিত হয়েছে।শনিবার (১৫ আগস...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/saradesh/sraile-60-keji-ganjash-dui-madk-karbari-greptar